



আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/21/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 600টি পর্যন্ত খালি এবং খারাপ অবস্থায় থাকা অ্যাপার্টমেন্টের পুনর্বাসন এবং সেগুলিকে নিরাপদ অ্যাফোর্ডেবল বাসায় পরিণত করার জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

ক্যাপিটাল রিজিয়ন, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মিড-হাডসন, নর্থ কান্ট্রি, সাউদার্ন টিয়ার এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের 18টি ননপ্রোফিট এবং স্থানীয় সরকার অর্থ পাবে

নিম্ন ও মধ্যম আয়ের ভাড়াটিয়াদের জন্য অতি প্রয়োজনীয় অ্যাফোর্ডেবল ভাড়ার ইউনিট দেওয়া হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 600টি পর্যন্ত খালি, বাস করার অযোগ্য অ্যাপার্টমেন্টকে ভাড়াটিয়াদের জন্য নিরাপদ ও অ্যাফোর্ডেবল বাসায় পরিণত করতে মেরামত ও পুনর্বাসনকে সমর্থন করার জন্য ক্যাপিটাল রিজিয়ন (Capital Region), সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York), ফিঙ্গার লেকস (Finger Lakes), মিড-হাডসন (Mid-Hudson), নর্থ কান্ট্রি (North Country), সাউদার্ন টিয়ার (Southern Tier) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের (Western New York) 18টি ননপ্রোফিট এবং স্থানীয় সরকারকে 40 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে। অর্থবছর 2025-এ পাশ হওয়া বাজেটের অংশ হিসেবে গভর্নরের ঘোষিত নতুন Vacant Rental Improvement প্রোগ্রামটি নিউ ইয়র্ক সিটির বাইরে পুরো স্টেটের কমিউনিটিগুলির কম ও মাঝারি আয়ের ভাড়াটিয়াদের জন্য খালি ইউনিট ও কম ব্যবহৃত বিন্ডিংকে অ্যাফোর্ডেবল হাউজিংয়ে পরিণত করবে। নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল অর্থ দেওয়ার জন্য (New York State Homes and Community Renewal) 18টি সপ্তকে একটি প্রতিযোগিতামূলক প্রস্তাবনার অনুরোধের মাধ্যমে নির্বাচিত করেছে।

"বাসা বলার মতো একটি নিরাপদ জায়গা থাকা সকলের অধিকার, এবং Vacant Rental Improvement প্রোগ্রামটির মাধ্যমে আমরা খালি পড়ে থাকা প্রোপার্টিকে অভাবীদের জন্য মানসম্পন্ন বাসায় পরিণত করে সেগুলিকে নতুন জীবন দিচ্ছি" **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কের হাউজিং সঙ্কটকে সমাধান করার জন্য আমাদেরকে আমাদের টুলবক্সের সবকিছু ব্যবহার করতে হবে, যেমন আমাদের কাছে থাকা সম্পদের সংরক্ষণ ও উন্নয়ন। এই

বিনিয়োগগুলি এলাকাগুলিকে পুনর্জীবিত করবে, অতি প্রয়োজনীয় অ্যাফোর্ডেবল হাউজিং দিবে এবং নিউ ইয়র্কবাসীর জন্য দীর্ঘমেয়াদি হাউজিং স্টেবিলিটি নিশ্চিত করতে সাহায্য করবে।"

এক থেকে পাঁচ ইউনিটের আবাসিক প্রোপার্টির বা পাঁচটি পর্যন্ত হাউজিং ইউনিটসহ মিক্সড-ইউজ বিল্ডিংকে মানসম্পন্ন, অ্যাফোর্ডেবল অ্যাপার্টমেন্টে বানানোর ব্যাপারে এগুলির মালিকদেরকে এই 40 মিলিয়ন মার্কিন ডলার সাহায্য করবে। প্রোগ্রামটি ছোট বাড়ির মালিকদেরকে এলাকার মিডিয়ান আয়ের (Area Median Income, AMI) 80 শতাংশের মধ্যে সীমিত আয়ের হাউজহোল্ডের খালি থাকা ভাড়ার অ্যাপার্টমেন্টের সংস্কারের জন্য 50,000 মার্কিন ডলার পর্যন্ত ভর্তুকি এবং AMI-এর 60 শতাংশের মধ্যে সীমিত আয়ের হাউজহোল্ডের অ্যাপার্টমেন্টের সংস্কারের জন্য 75,000 মার্কিন ডলার পর্যন্ত ভর্তুকি দিবে।

যে অর্থ দেওয়া হয়েছে তার একটি তালিকা [এখানে](#) পাওয়া যাবে।

উন্নয়নকাজের মধ্যে আছে:

- স্বাস্থ্য এবং নিরাপত্তা আপগ্রেড
- কোড লঙ্ঘনের সংশোধন
- অ্যাক্সেসিবিলিটির পরিবর্তন
- পরিবেশ সম্পর্কিত প্রতিকার
- প্রোপার্টিকে বাস করার যোগ্য অবস্থায় নিতে সাধারণ মেরামত

প্রোগ্রামটি এমন প্রোজেক্টকে সমর্থন করে যা কম ও মাঝারি আয়ের ভাড়াটিয়াদের কাজে লাগবে, এবং অ্যাফোর্ডেবল রাখা ও ভাড়ার সীমা নিশ্চিত করার জন্য সব অ্যাসিস্টেড ইউনিটের জন্য একটি 10 বছরের রেগুলেটরি পিরিয়ড থাকবে। Vacant Rental Improvement প্রোগ্রামটি হলো এজেন্সির প্রথম প্রোগ্রাম যা বিশেষভাবে খালি ও খারাপ অবস্থায় থাকা ভাড়ার ইউনিটকে অ্যাফোর্ডেবল মূল্যে বাজারে ফেরত আনার জন্য কাজ করবে।

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "গুরুত্বপূর্ণ এই 40 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি আপস্টেট কমিউনিটিগুলিতে হাউজিং চ্যালেঞ্জ সমাধানে আমাদের চেষ্টার জন্য অতি গুরুত্বপূর্ণ। Vacant Rental Improvement প্রোগ্রামটি 600টি পর্যন্ত অবহেলিত প্রোপার্টিকে নতুন জীবন দিবে, এগুলিকে কমিউনিটির মূল্যবান সম্পদে পরিণত করবে এবং নিউ ইয়র্কবাসীর জন্য অতি প্রয়োজনীয় অ্যাফোর্ডেবল হাউজিং তৈরি করবে। এই বিনিয়োগটি শুধু খালি, খারাপ ইউনিটের নতুন জীবন দিতে প্রোপার্টির মালিকদেরকে সাহায্য করে না, বরং এছাড়াও হাউজিং সাপ্লাই বাড়াতে এবং অ্যাফোর্ডেবল হাউজিংয়ের মারাত্মক ঘাটতি দূর করতে সাহায্য করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)